

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা
জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৪
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.dhaka.gov.bd

গণ বিজ্ঞপ্তি নং- ৮২৪ ঢাকা, তারিখ: ০৩/০৪/২০২৪ খ্রিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ট্রাস্ট এক্সেসরিজ ঠিকানাঃ ২৯/১, খাজে দেওয়ান ১ম লেন, ঢাকা এর অনুকূলে অত্র দপ্তর হতে জারিকৃত পূর্বের ইআরসি নং র ০০৯৫০০৮ তারিখ: ২০/০৭/২০০৯ খ্রিঃ এবং নবায়ন বই নং- র ৩৮৬০৬ হারিয়ে যাওয়ার প্রেক্ষিতে উহা বাতিল করার জন্য ২৯/১১/২০২৩ খ্রিঃ তারিখে এ দপ্তরে আবেদনপত্রসহ ঢাকা জেলার চকবাজার মডেল থানায় এড্রিকৃত সাধারণ ডায়েরী (জিডি) নং-৬৬১, তারিখ: ১৪/১২/২০২২ খ্রিঃ এবং দৈনিক সোনালী বার্তা পত্রিকায় ১৮/১২/২০২২ খ্রিঃ তারিখে প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির কপি দাখিল করেছেন। প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ১২ এবং ১৩ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক উক্ত ইআরসি এতদ্বারা বাতিল করা হলো।

২। ইআরসি নং র ০০৯৫০০৮ তারিখ: ২০/০৭/২০০৯ খ্রিঃ এর মাধ্যমে কোন প্রকার রপ্তানি করলে বা করার চেষ্টা করলে তা আইনগত দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

৩। অত্র গণ-বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগতভাবে কোন দায়মুক্তি প্রদান করেনা এবং বাতিলকৃত ইআরসি এর বিপরীতে পূর্বের কোন দায়-দেনা উত্থাপিত হলে তা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তাবে।

স্বাঃ

(মোহাম্মদ গোলাম মস্তফা)

সহকারী নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে

ac1.dhaka@ccie.gov.bd

ফোনঃ ৪১০৫০৫২৩

স্মারক নং- ২৬.০৩.১১০০.০০১.০৪.১০৫.২৪- ৬১০৬ (৭)

তারিখঃ ০৩ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বেনাপোল/যশোর/আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ২। মহা-ব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সহকারী কমিশনার, শুল্ক স্টেশন, মংলা, বাগেরহাট/দর্শনা, চুয়াডাঙ্গা/সোনামসজিদ, চাঁপাইনবাবগঞ্জ/বাংলা হিলি, দিনাজপুর/ বুড়িমারী, লালমনিরহাট/ আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া/ বিবির বাজার, কুমিল্লা/ বিলোনিয়া, ফেনী/ টেকনাফ, কক্সবাজার।
- ৫। রাজস্ব কর্মকর্তা, শুল্ক স্টেশন, ভোমরা, সাতক্ষীরা/বাংলাবান্ধা, পঞ্চগড়/তামাবিল, সিলেট/বিরল, দিনাজপুর/হালুয়াঘাট, ময়মনসিংহ।
- ৬। ভাইস প্রেসিডেন্ট, সাউথ ইস্ট ব্যাংক লিমিটেড, ইমামগঞ্জ শাখা, ঢাকা।
- ৭। জনাব নুসরাত জাহান, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ৯। নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ১০। ট্রাস্ট এক্সেসরিজ ঠিকানাঃ ২৯/১, খাজে দেওয়ান ১ম লেন, ঢাকা।
- ১১। অফিস কপি।

স্বাঃ
০৩.০৪.২৪

(মোহাম্মদ গোলাম মস্তফা)

সহকারী নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে